# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 18-07-2025** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুর্গাপুরে ৫ হাজার ৪০০ কোটি টাকার একাধিক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করে বলেন, এই সব প্রকল্প রাজ্যের বিকাশকে আরও ত্বরান্বিত করবে।

২) কেন্দ্র অনুপ্রবেশ সমস্যার সঙ্গে কোনোরকম আপোষ করবে না বলে স্পষ্ট জানিয়ে দিয়ে শ্রী মোদী বলেছেন, বিজেপি এক সমৃদ্ধ এবং বিকশিত পশ্চিমবঙ্গ বানাতে চায়। এরাজ্যে সরকার উন্নয়নের পথে প্রধান অন্তরায় বলে শ্রী মোদী দাবি করেন।

৩) ২১ শে জুলাই ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের শহীদ দিবস পালনের সময় অফিস পাড়ায় যাতে কোনোভাবেই যানজট না হয়, কলকাতা হাইকোর্ট তা পুলিশকে নিশ্চিত করতে বলেছে।

৪) নতুন করে শিক্ষক নিয়োগের পরীক্ষার বিধি সম্পর্কে কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে যোগ্য শিক্ষকদের একটি সংগঠন সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছে।

৫) মৌসুমী বায়ুর সক্রিয়তা এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় উত্তরবঙ্গে আগামী সোমবার পর্যন্ত ভারি থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণবঙ্গে আগামী বুধবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

---

২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্যে পশ্চিমবঙ্গ প্রথম সারিতে থাকবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন। দুর্গাপুরে আজ তিনি ৫ হাজার ৪শো কোটি টাকার প্রকল্পের শিলান্যাস, উদ্বোধন এবং জাতির উদ্দ্যেশ্যে উৎসর্গ করেন। তিনি বলেন, এই সব প্রকল্প শুধুমাত্র বাংলার মানুষের জীবনযাত্রার গতিকে আরো মসৃণ করবে তাই নয়, রাজ্যের বিকাশকে ও আরো ত্বরান্বিত করবে। কেন্দ্রীয় সরকারের সক্রিয় হস্তক্ষেপে এ রাজ্যে রেলপথের দ্রুত বিস্তার ঘটছে। পাইপ বাহিত গ্যাস, বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার কাজ করছে সরকার।

বাইট

অনুষ্ঠানে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী, রাজ্যপাল সিভি আনন্দ বোস, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার , শান্তনু ঠাকুর , বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্যসভার সংসদ শমিক ভট্টাচার্য, সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো প্রমুখ উপস্থিত ছিলেন।

-------------------

কেন্দ্রীয় সরকার অনুপ্রবেশ সমস্যার সঙ্গে কোনোরকম আপোষ করবে না বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্পষ্ট জানিয়েছেন। যারা ভারতের নাগরিক নন, অবৈধভাবে এদেশে প্রবেশ করেছেন তাদের বিরুদ্ধে সংবিধান অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার প্রক্রিয়া চালিয়ে যাওয়া হবে বলে তিনি ঘোষণা করেন। দুর্গাপুরে আজ ভারতীয় জনতা পার্টি আয়োজিত বিজয় সংকল্প সভায় নিজের ভাষণে প্রধানমন্ত্রী অনুপ্রবেশ ইস্যুতে রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করেন।

বাইট

শ্রী মোদী আরও বলেন, বিজেপি এক সমৃদ্ধ ও বিকশিত পশ্চিমবঙ্গ বানাতে চায়। দেশের প্রথম শিল্পমন্ত্রী শ্যামাপ্রসাদ মুখার্জী, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডক্টর বি সি রায়, দ্বারকানাথ ঠাকুর, স্যার বীরেন মুখার্জী প্রত্যেককেই সংস্কারক হিসাবে বর্ণনা করে তিনি

বলেন, তাঁদের উদ্যোগে এক সময় গোটা দেশের মানুষ কাজের জন্য এখানে আসতেন, কিন্তু এখন ছোট ছোট কাজের জন্য এখানকার মানুষকে বাইরে যেতে হয়।

বাইট

পশ্চিমবঙ্গ এক সময়ে শিল্পক্ষেত্রে সামনের সারিতে থাকলেও অপশাসনের কারণে রাজ্যের যুবক যুবতীদের ভিন রাজ্যে কাজের সন্ধানে যেতে হচ্ছে বলে মন্তব্য করে শ্রী মোদী বলেন, রাজ্যে  একের পর এক শিল্প প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাচ্ছে। তবে এই পরিস্থিতি থেকে রাজ্য বেরিয়ে আসতে চায় এবং সমগ্র বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে গেলে এরাজ্যেও প্রযুক্তির অগ্রগতি অত্যন্ত প্রয়োজন বলে প্রধানমন্ত্রী অভিমত প্রকাশ করেন। তিনি বলেন, বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়া হয়েছে এবং এটি প্রেরণা ও পরম্পরার ঐতিহ্য বজায় রাখে।

প্রধানমন্ত্রী অভিযোগ করেন, রাজ্যে সিন্ডিকেটরাজ চলছে। সুরক্ষার অভাবে বিনিয়োগকারীরা এরাজ্য ছেড়ে চলে গেছে। প্রাথমিক শিক্ষা এবং উচ্চ শিক্ষা সব ক্ষেত্রেই দুর্নীতি ও অপরাধ থাকায় শিক্ষা ক্ষেত্রে বিপর্যয় নেমে এসেছে।

রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকারকে উন্নয়নের পথে প্রধান অন্তরায় বলে দাবি করে প্রধানমন্ত্রী বলেন, বিকশিত ভারতের পাশাপাশি বিকশিত বাংলা গঠনের জন্য এই সরকারের অপসারণ প্রয়োজন। তিনি দাবি করেন, প্রতি ঘরে পানীয় জল, পাকা বাড়ি, আয়ুষ্মান ভারতের সুযোগ সুবিধা মানুষের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ত্রিপুরা, ওড়িশা আসামের মতো প্রতিবেশী রাজ্যগুলি উল্লেখযোগ্য সাফল্য পেলেও পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ মানুষ এখনো ওইসব প্রকল্পের সুযোগ থেকে বঞ্চিত। গরিব মানুষ থেকে আদিবাসী সকলকেই তৃণমূল কংগ্রেস সরকারের আমলে বঞ্চনার শিকার হচ্ছে। মুর্শিদাবাদের সামশেরগঞ্জের সাম্প্রতিক হিংসা,আরজিকরে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের

ঘটনাকে প্রধানমন্ত্রী রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির বেহাল অবস্থার নজির হিসেবে তুলে ধরেন। তৃণমূল কংগ্রেস তাদের নেতাকর্মীদের দুর্নীতি ও অত্যাচারের ছাড়পত্র দিয়ে রেখেছে বলে দাবি করেন তিনি। এই অবস্থার পরিবর্তনের জন্য আগামী বিধানসভা নির্বাচনে বিজেপিকে সরকার গঠনের সুযোগ করে দিতে প্রধানমন্ত্রী রাজ্যবাসীকে আহ্বান জানান।

এর আগে রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপির শীর্ষ নেতারা সুশাসনের স্বার্থে রাজ্যে পরিবর্তনের ডাক দেন। পশ্চিম বর্ধমানের পাশাপাশি রাজ্যের অন্যান্য জেলা এমনকি প্রতিবেশী ঝাড়খন্ড বিহার থেকেও বিজেপি সমর্থকরা আজ প্রধানমন্ত্রীর সভায় তার ভাষণ শুনতে ভিড় জমান।

--------------------------------

বাংলায় এসে বাংলাভাষীদের অপমান নিয়ে প্রধানমন্ত্রী নীরব কেন, নরেন্দ্র মোদীর সভার পর তৃণমূল কংগ্রেস এই প্রশ্ন তুলেছে। আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, ডবল ইঞ্জিন সরকারগুলি বাংলাভাষীদের অসম্মান করে চলেছে। চাপে পড়ে প্রধানমন্ত্রী বাংলায় কথা বলছেন বলে দাবি করেন তিনি। তিনি বলেন, বাংলায় যা উন্নয়ন হচ্ছে তা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বেই হয়েছে।

বাইট

পশ্চিমবঙ্গে শিল্পে অবনয়নের জন্য সিপিআইএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, কেন্দ্র এবং রাজ্য সরকার উভয়কেই দোষারোপ করেছেন।

বাইট

-------------------------------

২১ শে জুলাই ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের শহীদ দিবস পালনের দিন সকাল ৯ টা থেকে ১১ টার মধ্যে কলকাতা হাইকোর্ট ও অন্য অফিসের সামনে রাস্তা আটকে যেন কোনোভাবেই জ্যামজটের সৃষ্টি না করা হয়, কলকাতা পুলিশকে তা নিশ্চিত করতে বলেছে উচ্চ ন্যায়ালয়। আজ এই নির্দেশ দিয়ে বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আরও জানিয়েছেন, সকাল ৮ টা পর্যন্ত মিছিল করা যেতে পারে, তবে সেই মিছিলকে ৯ টার মধ্যে একটা নির্দিষ্ট স্থানে সীমাবদ্ধ রাখতে হবে। সকাল ১১ টার পর থেকে মিছিল স্বাভাবিক নিয়মে চললেও, যান চলাচল যাতে স্বাভাবিক থাকে, কলকাতার পুলিশ কমিশনারকে সেটাও দেখার নির্দেশ দিয়েছেন বিচারপতি ঘোষ।

উল্লেখ্য, ধর্মতলায় একটি রাজনৈতিক দলকেই কেন বারবার সভা করার অনুমতি দেওয়া হবে, সেই প্রশ্নে কলকাতা হাইকোর্টে মামলার পরিপ্রেক্ষিতে আজ এই নির্দেশ দেওয়া হয়েছে।

-------------------------------

কলকাতা হাইকোর্টের রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছে 'যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ'। নতুন নিয়োগের পরীক্ষার বিধি নিয়ে আপত্তি তুলে হাইকোর্টে মামলা হয়। এসএসসির বিজ্ঞপ্তি এবং বিধিকে চ্যালেঞ্জ করে যে সব আবেদন ডিভিশন বেঞ্চে করা হয়েছিল, তার সব ক'টিই খারিজ করে দেয় বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি স্মিতা দাসের ডিভিশন বেঞ্চে। ওই সংগঠনের তরফে আজ জানানো হয়েছে, নতুন বিধিতে পরীক্ষা হওয়ায় নতুন নিয়োগ পরীক্ষায় অনেকে আবেদন জানাতে পারবেন না। সেই কারণে তাঁরা সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন।

-------------------------------

মালদা জেলা তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সভাপতির মৃত্যুর প্রায় সাত মাস পর আত্মসমর্পণ করলো ঘটনার অন্যতম মূল অভিযুক্ত বাবলু যাদব। তার নামে দুই লক্ষটাকা পুরস্কার ঘোষনা করেছিল পুলিশ। ঘটনার পর থেকে বিহারে গা ঢাকা দিয়েছিল সে। মালদা আদালতে আজ বাবলু যাদব আত্মসমর্পণ করে। জেলা তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সভাপতি বাবলা সরকারের খুনের ঘটনায় আগেই ৮জনকে ইংরেজবাজার থানার পুলিশ গ্রেফতার করে। বাবলু যাদব এদিন মালদা আদালতে এসে আত্মসর্ম্পন করায় বাবলা সরকার খুনের ঘটনায় ধৃতের সংখ্যা হলো মোট নয়জন।

-------------------------------

কোচবিহারের ঘোকসাডাঙ্গা স্টেশনে আজ মাথাভাঙ্গার বিজেপি বিধায়ক সুশীল বর্মণকে ঘিরে তৃণমূল কংগ্রেস নেতা কর্মীরা বিক্ষোভ দেখায়। ২১ শে জুলাইয়ের সমাবেশে আসার জন্য স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা কর্মীরা ঐ স্টেশনে অপেক্ষা করার সময় শ্রী বর্মণ সেখানে আসলে গন্ডগোলের সূত্রপাত। বিধায়কের নিরাপত্তা রক্ষাকে মারধর এবং তার গাড়ির কাচ ভেঙে দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। তৃণমূল কংগ্রেস কর্মীদের পাল্টা অভিযোগ যে, বিজেপি বিধায়ক সেখানে টিকিট কাটার নাম করে ঝামেলা পাকানোর চেষ্টা করে।

-------------------------------

মৌসুমী অক্ষরেখা এ রাজ্যের পুরুলিয়া ও কাঁথি হয়ে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত হয়েছে। মৌসুমী বায়ু সক্রিয় থাকায় এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকায় আগামী সোমবার পর্যন্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি এবং

কোথাও কোথাও ভারি থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দক্ষিণবঙ্গে আগামী বুধবার থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে।

এদিকে আগামী ২৪ তারিখ উত্তর বঙ্গোপসাগরে আবারো একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

------------------------------ ------------------------------